গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
**স্বাস্থ্য সেবা বিভাগ**
**প্রশাসন-৪ (মনিটরিং ও সমন্বয়) শাখা**
**বাংলাদেশ সচিবালয়, ঢাকা**
www.hsd.gov.bd

**বিষয়: স্বাস্থ্য সেবা বিভাগের ফেব্রুয়ারি/২০২৩ মাসের মাসিক সমন্বয় (অভ্যন্তরীণ) সভার কার্যবিবরণী**

সভাপতি : ড: মু: আনোয়ার হোসেন হাওলাদার
সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্থান : মন্ত্রণালয় সভা কক্ষ
তারিখ ও সময় : ২৮.০২.২০২৩ খ্রিঃ, বেলা : ১১:০০ টা

সভাপতি উপস্থিত কর্মকর্তাগণকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-৪) আলোচ্যসূচি মোতাবেক সভার কার্যপত্র উপস্থাপন করেন।

২। সভায় উপস্থিতদের তালিকা : পরিশিষ্ট ক

৩। সভায় উপস্থিত সদস্যগণের সর্বসম্মতিক্রমে গত ২৯.১১.২০২২ তারিখে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়।

৪। সভায় নিম্নোক্ত বিষয় উপস্থাপন করা হয়। এ বিষয়ে সদস্যগণ তাদের মতামত ব্যক্ত করেনঃ
ক) গত ২৯.১১.২০২২৩ সভায় গৃহীত সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতির পর্যালোচনা
খ) নিষ্পন্ন-অনিষ্পন্ন কার্যক্রম সম্পর্কে আলোচনা
গ) বিভিন্ন অনুবিভাগের উল্লেখযোগ্য কার্যক্রম ও সমস্যা সম্পর্কিত পর্যালোচনা
ঘ) ই-ফাইলিং কার্যক্রমের অগ্রগতি পর্যালোচনা
ঙ) সামরিক আমলে প্রণীত আইনসমূহের হালনাগাদকরণ
চ) তথ্য অধিকার আইন, ২০০৯ সম্পর্কিত আলোচনা
ছ) বিবিধ

সভায় আলোচনার প্রেক্ষিতে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্র. নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ৩.১ | **নিষ্পন্ন-অনিষ্পন্ন ও ই-ফাইলিং:** সভাপতি ৮৫% এর নিচে ই-ফাইলিং এ নথি নিষ্পত্তিকৃত শাখার প্রতি অসন্তোষ প্রকাশ করেন। তিনি সকল শাখাকে মার্চ মাসের মধ্যে আবশ্যিকভাবে ৯০% এর উপরে ই-নথি নিষ্পন্ন করতে বলেন। | ক) মার্চ/২০২২ মাস হতে প্রমাপ মোতাবেক ৮৫% নথি ই-ফাইলে নিষ্পত্তি করতে হবে। মার্চ মাসে আবশ্যিকভাবে ৯০% এর উপরে ই-নথি নিষ্পন্ন করতে হবে।<br>খ) প্রত্যেক শাখাভিত্তিক হার্ড ফাইল ও ই-ফাইলের নিষ্পত্তি ও পেন্ডিং সংখ্যা আগামী সভায় উপস্থাপন করতে হবে। অনিষ্পন্ন ফাইলগুলো যথাযথভাবে দ্রুততার সাথে নিষ্পন্ন করতে হবে। | সকল অনুবিভাগ প্রধান ও অধিশাখা/ শাখার কর্মকর্তাগণ |
| ৩,২ | **শাখা পরিদর্শন:** | ক) সচিবালয় নির্দেশমালা, ২০১৪ মোতাবেক ২ মাস অন্তর অন্তর শাখা পরিদর্শন করতে হবে, পরিদর্শনের সুপারিশগুলো বাস্তবায়ন নিশ্চিত করতে হবে। । | সকল অধিশাখা/ শাখা |

| | | | |
|---|---|---|---|
| ৩.১৮ | **জনস্বাস্থ্য অনুবিভাগঃ** সভায় কোভিড ১৯ ভ্যাকসিন প্রদান কার্যক্রম যথাযথভাবে মনিটরিং বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | ক) কোভিড ১৯ ভ্যাকসিন নষ্ট না হওয়া বা কোথাও ঘাটতি না পড়া বিষয়ে সংশ্লিষ্ট সকলকে সতর্ক থাকতে হবে।<br>খ) জনস্বাস্থ্য ইস্যুতে প্রতিরোধমূলক কার্যক্রম পরিচালনা করতে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/ বিভাগ/ অধিদপ্তর/সংস্থার সাথে যথাযথ সমন্বয় করতে হবে। | জনস্বাস্থ্য অনুবিভাগ |
| ৩.১৯ | **তামাক নিয়ন্ত্রণ সেলঃ** | ক) তামাক বিরোধী সচেতনতা কার্যক্রম জোরদার করতে হবে ও নতুন আইন তৈরির কাজ সম্পন্ন করতে হবে। | তামাক নিয়ন্ত্রণ সেল |
| ৩.২০ | **এসডিজি :** এসডিজিকে পরবর্তী সেক্টর প্রোগ্রামে অন্তর্ভূক্ত করা সভাপতি প্রতিটি অনুবিভাগকে এসডিজি নিয়ে সভা করতে অনুরোধ জানান। | ক) এসডিজি'র স্বাস্থ্য সংক্রান্ত লক্ষ্যমাত্রাগুলো প্রতিটি অনুবিভাগে জানাতে হবে।<br>খ) প্রতিটি অনুবিভাগকে এসডিজি নিয়ে সভা করতে হবে।<br>গ) এসডিজির সামগ্রিক অগ্রগতি পর্যালোচনার জন্য একটি সভা আহবান করতে হবে। | পরিকল্পনা অনুবিভাগ |
| ৩.২১ | **সামরিক আমলে প্রণীত আইন হালনাগাদকরণ:** সভায় সামরিক আমলের প্রনীত আইনগুলো সংশোধন/পরিমার্জন করে হালনাগাদকরণের কাজ চলমান রয়েছে মর্মে জানানো হয়। | ক) সামরিক আমলে প্রণীত আইনগুলো সংশোধন /পরিমার্জন করে হালনাগাদকরণের কাজ দ্রুত করতে হবে।<br>খ) যেসকল আইন রহিত/বাতিল করা হবে তা নির্দিষ্ট ফরম্যাটে মধ্যমে মন্ত্রিপরিষদ বিভাগকে জানাতে হবে। | আইন অনুবিভাগ |
| ৩.২২ | **তথ্য অধিকার আইন :** সভাপতি পত্রিকায় প্রকাশিত অভিযোগগুলো সুরাহা করার জন্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে প্রেরণ অথবা প্রয়োজনে তদন্ত করতে বলেন। তিনি নির্ধারিত বার্ষিক কর্মপরিকল্পনা মোতাবেক কার্যক্রম বাস্তবায়ন করতে অনুরোধ জানান। | ক) পত্রিকায় প্রকাশিত অভিযোগগুলো সুরাহা করার জন্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে প্রেরণ অথবা প্রয়োজনে তদন্ত করতে হবে।<br>খ) নির্ধারিত বার্ষিক কর্মপরিকল্পনা মোতাবেক কার্যক্রম বাস্তবায়ন করতে হবে। | সংশ্লিষ্ট কর্মকর্তা |

৪. আলোচনা শেষে সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

৯/৪/২০২০

ড. মু: আনোয়ার হোসেন হাওলাদার
সচিব
স্বাস্থ্য সেবা বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়